গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১১/০২/২০২০ খ্রি.

## ২০১৮ সনের মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত ও প্রাইভেট নিয়মিত) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের মাস্টার্স শেষ পর্বের ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৮ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপঃ

* আবেদন ফরম পূরণ ও কলেজে জমা দানের তারিখ: ২০/০২/২০২১ পর্যন্ত
* বিভাগ কর্তৃক অনলাইনে ভেরিফাই ও বিবরণী জমা দেয়ার শেষ তারিখ: ২১/০২/২০২১

**নিয়মিত ও প্রাইভেট ছাত্রীদের পরীক্ষার ফি**

| বিষয়ের নাম | আইসিটি ব্যতীত ফি | আইসিটিসহ ফি |
|---|---|---|
| ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, (নিয়মিত) | ৪,২৩০.০০ | ৫,০০৫.০০ |
| সমাজকর্ম, বাংলা (নিয়মিত) | ৪,০৮০.০০ | ৪,৮৫৫.০০ |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা (প্রাইভেট) | ৩,৯৮০.০০ | |
| পদার্থবিজ্ঞান (নিয়মিত) | ৪,৪৩৫.০০ | ৫,২১০.০০ |
| মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, গণিত (নিয়মিত) | ৪,৩৬০.০০ | ৫,১৩৫.০০ |
| রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, ভূগোল (নিয়মিত) | ৪,৫১০.০০ | ৫,২৮৫.০০ |
| *** যাদের মাঠকর্ম আছে তারা ১০০০/- টাকা এবং যাদের থিসিস আছে তারা ১৫০০/- টাকা সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।** | | |

**পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ**

**১। ফরম পূরণের ফি জমা দেয়া:**
পরীক্ষার ফি ডাচ্ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং (রকেট, নেক্সাস পে বা এজেন্ট ব্যাংকিং) এর মাধ্যমে পরিশোধ করা যাবে। কলেজে নগদ টাকা জমা দেয়া হবে না।

**২। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি ঃ**
(ক) **নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীর ক্ষেত্রে ঃ**

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **তবে যে ছাত্রীর অনার্স কোর্স সম্পূর্ণ হয়নি সে মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা-২০১৮ এর ফরম পূরণ করতে পারবে না। অনার্স কোর্স অসম্পূর্ণ থাকা সত্ত্বেও যদি কোন ছাত্রী ফরম পূরণের টাকা জমা দেয় তাহলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

৩। **ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলি ঃ**

ক) সকল পরীক্ষার্থীদের (নিয়মিত ও প্রাইভেট) ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ ২০% নম্বরের একটি ইন-কোর্স/টার্ম পেপার পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরে বিপরীতে এন্টি করে এর ১ কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও ২কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

খ) ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়াল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে ।

৪। **অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://dua7c.com) **লিংক** এ গিয়ে অনার্স ৪র্থ বর্ষ এর রেজিস্ট্রেশন নম্বর (মাস্টার্স ২০১৮ এর রেজিস্ট্রেশন নম্বর হিসাবে প্রযোজ্য), বিষয় কোড (৪ সংখ্যার) ও মাস্টার্সের শিক্ষাবর্ষ দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ **বিভাগীয় প্রধান** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৮/০২/২০২১ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে হবে।

৫। **পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ**

পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে এবং নির্ধারিত ফি জমা দিয়ে সংশ্লিষ্ট বিভাগে আবেদন ফরম জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। **কলেজের জন্য করণীয় ঃ**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের মাস্টার্স শেষ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তার ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে

প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা ১৮/০২/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এক কপি কলেজ সংরক্ষণ করবে উল্লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর্যন্ত।

(খ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ মাস্টার্স শেষ পর্বে ভর্তিকৃত ছাত্রী যাদের অনার্স কোর্স সম্পূর্ণ হয়নি তাদের নামের তালিকা ই-মেইলে (mujahedul@gmail.com) ১২/০২/২০২১ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(গ) ছাত্রীনিবাস ও লাইব্রেরি তত্ত্বধায়কের কাছ থেকে না-দাবি প্রত্যয়ন গ্রহণ করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনলাইনে পরীক্ষার আবেদন ফরমের সাথে ফরম পূরণের ফি যাচাই করে জমা নিতে হবে। ফরম গ্রহণের সময়সূচি সংশ্লিষ্ট বিভাগ ছাত্রীদের অবহিত করবে।

11.02.2021

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)
আইডি নং-২৭৯০
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৫। সংরক্ষণ নথি।